১৪
FEB. 2001
তারিখ ...
পৃষ্ঠা ২ ... কলাম ৮ ...

# বেসরকারী শিক্ষকদের ফেব্রুয়ারির বেতন ঈদের আগেই দেয়ার আহ্বান

বিভিন্ন শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে ঈদ-উল-আজহার আগে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের সরকারী বেতনের অংশ প্রদানের ব্যাপারে অবিলম্বে ব্যাংকগুলোকে নির্দেশ দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, গত ১৪ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয় বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের বেতন বাবদ ১০৪ কোটি ৬০ লাখ ৫৫ হাজার ৮৮৩ টাকা মঞ্জুর করেছে। কিন্তু ৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাংক ঈদের আগে টাকা না দিলে শিক্ষক-কর্মচারীদের ঈদ করা হবে না। কারণ এসব শিক্ষক-কর্মচারী ঈদ বোনাস পায় না। —বিজ্ঞপ্তি।